


# বৈদিক বক্তব্য



## বাক্বিতে কৃষি মিউজিয়াম নির্মাণ করা হচ্ছে

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ কৃষি উপকরণ ও প্রক্রিয়া পদ্ধতির আধুনিকায়ন ও বিবর্তনের ইতিহাস সংরক্ষণে কৃষি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ১০ই মার্চ একটি কৃষি মিউজিয়াম নির্মাণ করা হচ্ছে। এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ভিসি। প্রফেসর মুহাঃ মুস্তাফিজুর রহমান। পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার (১৯৯৭-২০০২) আওতায় বিশ্ববিদ্যালয় চত্বরে একটি কৃষি মিউজিয়াম নির্মাণ কল্পে সরকার প্রাথমিকভাবে ৪১ লাখ টাকা বরাদ্দ করে। পরবর্তীতে সংশোধিত বরাদ্দের পরিমাণ দাঁড়িয়েছে ৪৪ লাখ টাকা। ৬৩৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট দ্বিতল ভবনের এই প্রকল্পের প্রথম ধাপে একতলা ভবন নির্মাণ কাজের জন্য উল্লেখিত ব্যয় বরাদ্দ করা হয়েছে। আট কক্ষের প্রথম ধাপের এই প্রকল্পের কাজ শতকরা ৪০ ভাগ এগিয়েছে।